

প্রথম আলো

মৌখিক পরীক্ষায় আবারও অর্থ আদায়ের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ●

রাজশাহী কলেজে আরবি ও ইসলামিক
স্টাডিজ বিভাগের স্নাতকোত্তর প্রথম
পর্বের মৌখিক পরীক্ষায় আবারও
শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়ের
অভিযোগ পাওয়া গেছে। গত
মঙ্গলবার থেকে এ পরীক্ষা শুরু হয়।
ওই বিভাগের শিক্ষার্থীদের সূত্রে
জানা যায়, গত মঙ্গলবার স্নাতকোত্তর
প্রথম পর্বের পরীক্ষার প্রথম দিনে ৯২
জনের পরীক্ষা নেওয়া হয়। এ সময়
প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে ২০০
টাকা করে আদায় করা হয়। গতকাল
বুধবার ছিল পরের আরও ১৪৪
পরীক্ষার্থীর মৌখিক পরীক্ষা।
গতকাল দুপুর ১২টার দিকে ওই
বিভাগে গিয়ে দেখা যায়, ১৩ নম্বর
কক্ষে একজন কর্মচারী শিক্ষার্থীদের
নামের তালিকা নিয়ে বসে আছেন।
তিনি প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে

২০০ টাকা করে নিয়ে প্রবেশপত্র জমা
রাখছেন। কক্ষটিতে অপেক্ষমাণ
শিক্ষার্থীরা বলেন, গতকাল ৯৩ থেকে
২৩৭ ক্রমিক নম্বরের মধ্যে শিক্ষার্থীদের
মৌখিক পরীক্ষা হওয়ার কথা। তারা
২০০ টাকা করে দিয়েছেন। টাকা
নেওয়ার দায়িত্বে থাকা কর্মচারী টাকাটা
শিক্ষকের 'বিশেষ সম্মানী' হিসেবে
টাকাটা নেওয়া হচ্ছে বলে জানান।
বিভাগীয় প্রধান আফসার আলী
মুঠোফেনে বলেন, 'প্রিপারেটরি ক্লাস'-
এর জন্য টাকা করে নেওয়া হচ্ছে।
অধ্যক্ষ হবিবুর রহমান বলেন,
জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী
নিয়মিত ছাত্রদের কাছ থেকে ৭৫ এবং
অনিয়মিতদের কাছ থেকে ১০০ টাকা
করে নেওয়ার কথা।
জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী
পরীক্ষা নিয়ন্ত্রক নিত্যানন্দ গাইন বলেন,
পরীক্ষার্থীদের ফরম পূরণের পর এভাবে
টাকা নেওয়ার নিয়ম নেই।